# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**30-04-2026** **Time: 7.50 PM**

---

<u>বিশেষ বিশেষ খবর –</u>

১) গণনা কেন্দ্রগুলিতে নিরাপত্তা আরও জোরদার করতে নির্বাচন কমিশন, কিউআর কোড ভিত্তিক পরিচয় পত্র চালুর সিদ্ধান্ত নিয়েছে।

২) রাজ্যে ভোট পরবর্তী হিংসা মোকাবিলায় নির্বাচন কমিশন সবরকম ব্যবস্থা নিচ্ছে বলে মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগারওয়াল জানিয়েছেন।

কোথাও পুনর্নির্বাচনের প্রয়োজন আছে কিনা, তা জেলা নির্বাচন আধিকারিক, রিটার্নিং অফিসার ও পর্যবেক্ষকদের রিপোর্ট খতিয়ে দেখার পর সিদ্ধান্ত নেওয়া হবে।

৩) বিজেপি বলেছে, রাজ্যে তারাই ক্ষমতায় আসবে। অন্যদিকে, তৃণমূল কংগ্রেস দাবি করেছে, তারা এককভাবে ২২৬ টির বেশি আসন পাবে।

৪) ভোট পর্ব মিটতেই কলকাতা সহ রাজ্যের বিভিন্ন জায়গা জুড়ে হিংসার খবর আসছে।

৫) ICSE দশম ও ISC দ্বাদশ শ্রেণীর পরীক্ষার ফলাফল আজ প্রকাশিত হয়েছে।

৬) অনুকুল বায়ুপ্রবাহ ও বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেশি হওয়ায় রাজ্যের বেশিরভাগ জেলায় আগামী দু তিনদিন বৃষ্টির সম্ভাবনা।

পশ্চিম মেদিনীপুরের চন্দ্রকোনায় বজ্রাঘাতে একই পরিবারের দুই ভাইয়ের মৃত্যু।

---

নির্বাচন কমিশন, গণনাকেন্দ্রগুলিতে নিরাপত্তা আরও জোরদার করতে কিউআর কোডভিত্তিক পরিচয়পত্র চালুর সিদ্ধান্ত নিয়েছে। গণনা কেন্দ্রে ঢোকার অনুমতি নেই, এমন ব্যক্তির প্রবেশ রোধেই নতুন এই ব্যবস্থা বলে কমিশন সূত্রে জানা গেছে।

আগামী চৌঠা মে পশ্চিমবঙ্গ ছাড়াও অসম, কেরালাম, তামিলনাড়ু ও পুদুচেরি বিধানসভা নির্বাচনের গণনা থেকেই এই ব্যবস্থা চালু হবে। পাশাপাশি পাঁচ রাজ্যের সাতটি বিধানসভা কেন্দ্রে উপনির্বাচনের ক্ষেত্রেও তা প্রযোজ্য হবে। ভবিষ্যতে লোকসভা ও রাজ্য বিধানসভা নির্বাচনের সব ক্ষেত্রেই এই পদ্ধতি চালু করারও পরিকল্পনা রয়েছে।

নির্বাচন কমিশনের সূত্রে জানা গেছে, এবার গণনাকেন্দ্রে প্রবেশের জন্য থাকছে ত্রিস্তরীয় নিরাপত্তা ব্যবস্থা। প্রথম ও দ্বিতীয় স্তরে রিটার্নিং অফিসারের দেওয়া ফটো আইডি কার্ড ম্যানুয়ালি পরীক্ষা করা হবে। তৃতীয় স্তরে কিউআর কোড স্ক্যানের মাধ্যমে পরিচয় যাচাইয়ের পরই গণনাকক্ষে প্রবেশের অনুমতি মিলবে।

এই কিউআর কোডভিত্তিক পরিচয়পত্র প্রযোজ্য হবে গণনাকেন্দ্রে প্রবেশাধিকারপ্রাপ্ত সমস্ত ব্যক্তির ক্ষেত্রেই। এদের মধ্যে আছেন রিটার্নিং অফিসার, সহকারী রিটার্নিং অফিসার, গণনাকর্মী, প্রযুক্তিগত কর্মী, প্রার্থী, নির্বাচনী এজেন্ট ও গণনা এজেন্টরা।

একই সঙ্গে প্রতিটি গণনাকেন্দ্রেই মিডিয়া সেন্টার তৈরি করা হবে গণনাকক্ষের কাছেই।

জেলা নির্বাচন আধিকারিক ও রিটার্নিং অফিসারদের এই নতুন ব্যবস্থা বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় সমস্ত প্রস্তুতি গ্রহণের নির্দেশ দেওয়া হয়েছে। প্রশিক্ষিত কর্মী মোতায়েন করে নির্ধারিত চেকপয়েন্টে নিরাপত্তা নিশ্চিত করার উপরও জোর দেওয়া হয়েছে।

উল্লেখ্য, রাজ্যে দুদফায় বিধানসভা ভোট সম্পন্ন হওয়ার পর সকলেরই নজর এখন চৌঠা মে ফলাফল ঘোষণার দিকে। ভোট শেষ হওয়ার পরই ইভিএম-গুলি নির্দিষ্ট স্ট্রং রুমে পাঠিয়ে দেওয়া হয়েছে। ভোটগ্রহণ শেষ হওয়ার পরই ইভিএমগুলি নির্দিষ্ট স্ট্রং রুমে পৌঁছে দেওয়া হয়েছে।

এই স্ট্রং রুমের সুরক্ষাতেও গড়ে তোলা হয়েছে ত্রিস্তরীয় নিরাপত্তা বলয়।

--------------------------

গণনাকেন্দ্রে কেন্দ্র সরকারি কর্মচারীদেরকে কাউন্টিং সুপারভাইজার হিসাবে নিযুক্ত করার বিরুদ্ধে তৃণমূল কংগ্রেসের দায়ের করা মামলার শুনানি শেষ হয়েছে।দুপক্ষের বক্তব্য শোনার পর রায়দান স্থগিত রেখেছেন বিচারপতি কৃষ্ণা রাও।

পাশাপাশি চলতি নির্বাচনে গণনাকেন্দ্রের সংখ্যা কেন কমানো হল এবং গণনাকেন্দ্র কেন বদল করা হল সে বিষয়েও আজকেই লিখিত নথি দিয়ে কমিশনকে জানাতে নির্দেশ দিয়েছেন বিচারপতি।

উল্লেখ্য, আগামী চৌঠা মে বিধানসভা নির্বাচনের ভোট গণনাকে কেন্দ্র করে কলকাতা হাইকোর্টে জোড়া মামলা দায়ের হয়। আইনজীবী ও সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায় এবং আইনজীবী বিশ্বরূপ ভট্টাচার্যের দায়ের করা মামলায় দাবি করা হয়েছে, গণনা কেন্দ্রের সুপার ভাইজার হিসেবে নির্বাচন কমিশন শুধুমাত্র কেন্দ্রীয় সরকারী কর্মীদেরই নিয়োগ করছে। একই সঙ্গে গণনা কেন্দ্রের স্থান বদল করা হচ্ছে বলেও তাঁর দাবি।

এদিকে, ভোট পরবর্তী হিংসার আশঙ্কায় কলকাতা হাইকোর্টে একটি জনস্বার্থ মামলাও দায়ের করা হয়। মামলাকারীর বক্তব্য গণনার পর কেন্দ্রীয় বাহিনী চলে গেলে

এবং বুথ ভিত্তিক কোন প্রার্থী কত ভোট পেয়েছেন, সেই তালিকা প্রকাশ হলে রাজ্যে হিংসার ঘটনা বৃদ্ধি পেতে পারে। দুই বিচারপতি অরিজিৎ বন্দ্যোপাধ্যায় এবং অপূর্ব সিনহা রাও-এর বেঞ্চ জানিয়েছে এবারের ভোটে কোন হিংসা হয়নি। মামলার বিষয়টি সম্পূর্ণ অনুমান ভিত্তিক। যদিও আগামী সোমবার এই মামলার শুনানি হতে পারে।

-------------------------

রাজ্যে ভোট-পরবর্তী হিংসা মোকাবিলায় নির্বাচন কমিশন, সব রকমের ব্যবস্থা নিচ্ছে। মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল আজ সাংবাদিকদের বলেন, কয়েকটি জায়গায় বিচ্ছিন্ন কিছু ঘটনা ঘটেছে এবং সেব্যাপারে ইতোমধ্যেই গ্রেপ্তার করা হয়েছে দু'জনকে। পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে বলেও আশ্বাস দেন তিনি।

পুনর্নির্বাচন নিয়ে এখনও কোনো সিদ্ধান্ত হয়নি বলে শ্রী আগারওয়াল জানিয়েছেন। এই সংক্রান্ত সমস্ত অভিযোগ পরীক্ষা করে দেখার পর সেই রিপোর্ট দিল্লীতে পাঠানো হবে। তারপর নির্বাচন কমিশনই চূড়ান্ত সিদ্ধান্ত নেবে।

বাইট

তিনি আরো জানান, ইভিএম সংক্রান্ত অভিযোগের সংখ্যা ৭৭-এই দাঁড়িয়ে রয়েছে। নতুন করে আর কোনও অভিযোগ জমা পড়েনি। জেলা নির্বাচন আধিকারিক, রিটার্নিং অফিসার ও পর্যবেক্ষকরা অভিযোগগুলি খতিয়ে দেখছেন। কোথাও পুনর্নির্বাচনের প্রয়োজন আছে কি না, তাঁদের রিপোর্টের ভিত্তিতেও এব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হবে।

-------------------------

এবারের নির্বাচনে তৃনমূল কংগ্রেস এককভাবে ২২৬ টির বেশি আসন পেয়ে সরকার গঠন করবে বলে দলনেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি দাবি করেছেন। সামাজিক

মাধ্যমে এক ভিডিও বার্তায় তিনি অভিযোগ করেন, সংবাদ মাধ্যমের একাংশকে দিয়ে এক্সিট পোলের মাধ্যমে ভুয়ো তথ্য ছড়ানো হচ্ছে।

বাইট

বিজেপি কোনওভাবে লড়াইয়ে না পেরে সাংবাদমাধ্যমকে দিয়ে ভুল তথ্য প্রচার করাচ্ছে বলেও তাঁর দাবি।

ভোটের সময়ে কেন্দ্রীয় বাহিনী ও রাজ্য প্রশাসনের ভূমিকার কড়া সমালোচনা করেন। বিভিন্ন জায়গায় তাদের কর্মীদের অন্যায়ভাবে গ্রেফতার করা হয়েছে বলেও মমতা অভিযোগ করেন। দলীয় কর্মীদের তিনি আজ থেকেই স্ট্রং রুম পাহারা দেওয়ার নির্দেশ দিয়েছেন। এছাড়া গননা শেষ না হওয়া পর্যন্ত কাউন্টিং টেবিল না ছাড়ার পরামর্শ দেন তিনি। সকলকেই সংযত থাকার আবেদন জানিয়েছেন তৃণমূল কংগ্রেস নেত্রী।

এদিকে, বিজেপি, তৃণমূল কংগ্রেস নেত্রীর আবার ক্ষমতা দখলের এই দাবি খারিজ করে দিয়েছে। দলের মুখপাত্র দেবজিত সরকার আকাশবাণীকে এক একান্ত সাক্ষাৎকারে জানান, এবাবের নির্বাচনে বিজেপিই ক্ষমতা দখল করতে চলেছে।

বাইট

--------------------------

বিধানসভার দুই দফা নির্বাচন শেষ হয়ে গেলেও নির্বাচনের সঙ্গে যুক্ত থাকা যে সব ভোটকর্মী প্রশাসনের গাফিলতিতে এখনও পোস্টাল ভোট দিতে পারেননি তা দেওয়ার জন্যে রাজ্য সরকারি কর্মচারীদের একাংশ নির্বাচন কমিশনের কাছে আবেদন জানিয়েছে। সরকারি কর্মচারীদের একাংশকে নিয়ে গঠিত যৌথ সংগঠন সংগ্রামী যৌথ মঞ্চের তরফে আজ রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিককে লেখা এক চিঠিতে নির্বাচনে

একাধিক কেন্দ্রে জয়ের ব্যবধান কম থাকার সম্ভাবনা থাকায় এই ভোট ফলাফলে প্রভাব ফেলতে পারে বলে জানানো হয়েছে।

--------------------------

রাজ্যে ভোট পর্ব মিটে যাওয়ার পর EVM ও VVPat যাতে পুরোপুরি সুরক্ষিত ও নিরাপদ রাখার আর্জি জানিয়ে প্রদেশ কংগ্রেসের সহ-সভাপতি প্রশান্ত কুমার দত্ত ও প্রদেশ কংগ্রেসের রাজ্য সাধারণ সম্পাদক আশুতোষ চ্যাটার্জি রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিককে আজ চিঠি দিয়েছেন। প্রদেশ কংগ্রেসের পক্ষ থেকে এ কথা জানা গেছে।

--------------------------

আজকের প্রসঙ্গের এবারের বিষয় "অষ্টাদশ বিধানসভা ভোট ও ভারতের নির্বাচন কমিশন"। এই বিষয়ে সাংবাদিক অমল সরকারের সঙ্গে কথা বলেছেন অভিজিৎ চক্রবর্তী।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন এই স্থানীয় সংবাদের পরই রাত আটটায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতার সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

--------------------------

ভোটপর্ব মিটতেই কলকাতা সহ রাজ্যের বিভিন্ন জায়গা থেকে হিংসার খবর মিলেছে।

দক্ষিণ কলকাতার গড়িয়ার পঞ্চসায়র এলাকায় আজ বিজেপি এজেন্টের অফিস ও বাড়িতে হামলা ও ভাঙচুরের ঘটনায় উত্তেজনা ছড়ায়। অভিযোগ, যাদবপুর বিধানসভার

অন্তর্গত ১৫৩ নম্বর বুথ এলাকায় বিজেপি এজেন্ট শান্তনু সরকারের নির্মাণ সংস্থার অফিসে একদল দুষ্কৃতী হামলা চালায় বলে অভিযোগ। অফিসের সিসিটিভি ও গাড়ি ভাঙচুর করে। তার স্ত্রীকেও হুমকি দেওয়া হয় বলে বিজেপির দাবি।

এদিকে বেহালার পর্ণশ্রী থানা এলাকায় গতরাতে আরএসএস কর্মী অভিজিৎ ও প্রসেনজিৎ ব্রহ্মের বাড়ি লক্ষ্য করে একদল দুষ্কৃতী ইট পাথর ছোড়ে। তাদের বেধরক মারধর করা হয় বলে অভিযোগ। পুলিশ এই ঘটনায় মোট পাঁচজনকে গ্রেপ্তার করেছে। আহত অভিজিতের পরিবারের দাবি, তিনি এই ব্যাপারে অভিযোগ জানাতে গেলে তাকেও গ্রেপ্তার করা হয়।

অন্যদিকে, বেহালার রবীন্দ্রনগরের রামকৃষ্ণপল্লীতে তৃণমূল কংগ্রেসের প্রাক্তন কাউন্সিলার অঞ্জন কুমার দাস ও কয়েকজন সঙ্গীর ওপর গতরাতে হামলার অভযোগ উঠেছে। তাদের বাড়িতে আটকে রেখে খুনের চেষ্টা চালানো হয় বলে অভিযোগ। এব্যাপারেও পুলিশ পাঁচ জনকে গ্রেপ্তার করেছে। অঞ্জন দাস একটি বেসরকারি হাসপাতালে ভর্তি। তার সঙ্গী বিশ্বজিৎ দাসকে গুরুতর আহত অবস্থায় এসএসকেএম হাসপাতালে ভর্তি করা হয়েছে।

এদিকে, মালদার রতুয়ার মহানন্দাটোলার উত্তর বালুপুরে বিজেপির মণ্ডল সভাপতির উপর হামলা চালানোর অভিযোগ উঠেছে। মহানন্দ মণ্ডল নামে ঐ ব্যক্তিকে মালদা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। বিজেপির উত্তর মালদহের সভাপতি খগেন মুর্মু ঘটনাস্থল পরিদর্শন করে বলেছেন, রেন্দ্রীয় বাহিনী থাকার কারণে তৃণমূল কংগ্রেস এতদিন সন্ত্রাস করতে পারেনি।

শাসক দল অবশ্য অভিযোগ অস্বীকার করেছে।

মুর্শিদাবাদের দৌলতাবাদের গুরুদাসপুরের বেউচিতলা গ্রামে কংগ্রেস সমর্থক এক পরিবারের ওপর তৃণমূল কংগ্রেস দুষ্কৃতীদের ওপর হামলার অবিযোগ উঠেছে। কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী আজ আক্রান্ত পরিবরারের সঙ্গে দেখা করে তাদের পাশে থাকার আশ্বাস দেন।

বর্ধমান উত্তর বিধানসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী সঞ্জয় দাস সেখানে স্ট্রংরুমে ইভিএমের নিরাপত্তা নিয়ে একাধিক অভিযোগ তুলেছেন। সেখানে সিসিটিভি ক্যামেরা কাজ করছে না বলে তার অভিযোগ। জেলাশাসাক অবশ্য জানিয়েছেন, অভিযোগ কতিয়ে দেখা হয়েছে। পাঁচটি স্ট্রংরুমের দরজাই সুরক্ষিত রয়েছে।

--------------------------

মালদার মোথাবাড়িতে সাত বিচার বিভাগীয় আধিকারিককে ঘেরাও ও হেনস্থার ঘটনায় ধৃত মূল অভিযুক্ত মোফাক্কারুল ইসলাম এবং এক্রামূল বাগানি সহ ৫২ জনকে ফের জেল হেফাজতের নির্দেশ দিয়েছে এন আই এ-র বিশেষ আদালত। অভিযুক্তদের তরফে আজ সকলেরই জামিনের আবেদন জানানো হলে বিশেষ আদালতের বিচারক সুকুমার রায় তা খারিজ করে দেন।

--------------------------

ICSE দশম ও ISC দ্বাদশ শ্রেণীর পরীক্ষার ফলাফল আজ প্রকাশিত হয়েছে। ইন্ডিয়ান সার্টিফিকেট অফ সেকেন্ডারি এডুকেশন কাউন্সিল পরিচালিত এই পরীক্ষায় পাশের হারে এগিয়ে রয়েছে মেয়েরাই।

ISC-তে সার্বিক পাশের হার ৯৯ দশমিক ১/৩ শতাংশ। এর মধ্যে মেয়েদের পাশের হার ৯৮ দশমিক ৮/১ শতাংশ। ISC-তে একশো শতাংশ নম্বর পেয়ে প্রথম স্থান

অধিকার করেছে। উত্তর ২৪ পরগণার পানিহাটির সেন্ট জেভিয়ার্স স্কুলের ছাত্রী অনুষ্কা ঘোষ। ব্যারাকপুরের আনন্দপুরীর বাসিন্দা অনুষ্কা ৫-শোর-শোর মধ্যে ৫-শো নম্বরই পেয়েছে।

এর আগে দশম শ্রেণীর ICSE-তেও প্রথম স্থান অধিকার করেছিলেন অনুষ্কা। তার এই ফলাফলে উচ্ছ্বসিত অনুষ্কা।

বাইট অনুষ্কা

---------------------------

অনুকূল বায়ুপ্রবাহ ও বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেশি হওয়ায় রাজ্যের বেশিরভাগ জেলায় আগামী দু-তিন দিন বৃষ্টির সম্ভাবনা ।

পরবর্তী দুই / তিন ঘন্টায় হুগলি পশ্চিম মেদিনীপুর ঝাড়গ্রাম বাঁকুড়া বীরভূম এবং পূর্ব ও পশ্চিম বর্ধমান জেলায় কোথাও কোথাও ৬০ থেকে ৭০ কিলোমিটার বেগে ঝুড়ো হাওয়া ও বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

দুই ২৪ পরগনা , পূর্ব ও পশ্চিম বর্ধমান, বাঁকুড়া, পুরুলিয়্ হুগলি এবং নদিয়া জেলায় ৫০ থেকে ৬০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া এবং বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টি ও কোথাও কোথাও ভারী বৃষ্টির কমলা সর্তকতা রয়েছে।

উত্তরবঙ্গে অবশ্য আগামী রবিবার তিন তারিখ পর্যন্ত ভারী বৃষ্টির সতর্কতা রয়েছে।

উপকূলবর্তী এলাকায় ঝড় বৃষ্টির পূর্বাভাস থাকায় মৎস্যজীবীদের ৩ তারিখ পর্যন্ত সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

আলিপুরে আজ সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ২৮ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস , স্বাভাবিক এর তুলনায় যা প্রায় সাড়ে ৭ ডিগ্রি কম।। সকালে সর্বনিম্ন তাপমাত্রাও ছিল স্বাভাবিকের থেকে প্রায় ৬ ডিগ্রি কম।

-------------------------

পশ্চিম মেদিনীপুরের চন্দ্রকোনার মহেশপুর এলাকায় আজ দুপুরে বজ্রাঘাতে একই পরিবারের দু জনের মৃত্যু হয়েছে।

আমাদের সংবাদদাতা জানাচ্ছেন, চন্দ্রকোনার মহেশপুর এলাকার বাসিন্দা ওই দুই ভাই, গাছ কাটার কাজ করছিল। সেই সময় বাজ পড়লে এই দুজনের মৃত্যু হয়।

------------------------- -------------------------